



বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিঃ BRITTO MULTIPURPOSE CO-OPERATIVE SOCIETY LTD

অস্থায়ী কার্যালয়: জনতা হাউজিং, মিরপুর সেকশন ১, ঢাকা ১২১৬

স্থাপিত: জানুয়ারি ২০১১। রেজি: নং ০১০৭২

স্মারক নং বৃত্ত/২০১৩/এপ্রিল/১, তারিখ : ১ বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ, ১৪ এপ্রিল ২০১৩ খ্রিষ্টাব্দ।

সভা অনুষ্ঠানের তারিখ : ১ বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ, ১৪ এপ্রিল ২০১৩ খ্রিষ্টাব্দ। বিকাল ৫.৩০ টা।

সভাপতি : এ, এফ, এম, আমীর হোসেন, সভাপতি, বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিঃ

সভার স্থান : অর্থ সম্পাদকের ঢাকার মিরপুরস্থ বাসভবনে (বাসা # ১৪, রোড # ৩, ব্লক এফ, মিরপুর সেকশন # ২, ঢাকা ১২১৬)

কার্যবিবরণী

সভার শুরুতে সমিতির সভাপতি উপস্থিত সভ্যগণকে স্বাগত জানান। তিনি সাধারণ সম্পাদককে সভার এজেন্ডাসমূহ উল্লেখ করতে অনুরোধ করেন এবং উপস্থিত সদস্যগণকে উত্থাপিত এজেন্ডার ওপর আলোচনার আহ্বান জানান।

১। (ক) আলোচনা: কোষাধ্যক্ষ সভাকে জানান যে, সমিতির কয়েক জন সদস্য সমিতির প্রয়োজনে বিভিন্ন সময়ে কিছু অর্থ/টাকা খরচ করেন। তাঁরা ভাউচার/প্রমাণক দাখিল করেছেন। সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক বিধি মোতাবেক উহা পাশও করেছেন। এক্ষেত্রে তাঁদের অর্থ চেকের মাধ্যমে পরিশোধ করা আবশ্যিক। অতঃপর সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ বর্ণিত অর্থ পরিশোধের বিষয়ে একমত পোষণ করেন।

১। (খ) সিদ্ধান্ত: নিচের ছকে বর্ণিত সদস্যবৃন্দকে তাঁদের নামের পাশে বর্ণিত অর্থ আগামী ১ (এক) মাসের মধ্যে বৃত্ত লিমিটেডের চলতি হিসাব নং ৩৩ ০০ ৪৫ ০৫, সোনালি ব্যাংক লিঃ, কাওরানবাজার শাখা, কাওরানবাজার, ঢাকা ১২১৫ থেকে চেকের মাধ্যমে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হল।

ক্র/নং	সদস্যের রেজি. নং	সদস্যের নাম	অর্থ/টাকার পরিমাণ	যে চেকের মাধ্যমে অর্থ পরিশোধিত হবে তার নাম্বার
১	৭	জনাব তোফায়েল আহমেদ	৩২,৩৪০/- [টাকা বত্রিশ হাজার তিন শত চল্লিশ মাত্র]	চেক নং CA-50
২	৩	জনাব মোঃ শামসুদ্দীন মোল্লা	৫,৫১৩/- [টাকা পাঁচ হাজার পাঁচ শত তের মাত্র]	চেক নং CA-50
		মোট	৩৭,৮৫৩/- [টাকা সাঁইত্রিশ হাজার আটশত তেপান্ন মাত্র]	

১। (গ) বাস্তবায়নে : সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ, এফ, এম, আমীর হোসেন
সভাপতি
বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড



বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিঃ
BRITTO MULTIPURPOSE CO-OPERATIVE SOCIETY LTD

অস্থায়ী কার্যালয়: জনতা হাউজিং, মিরপুর সেকশন ১, ঢাকা ১২১৬

স্থাপিত: জানুয়ারি ২০১১। রেজি: নং ০১০৭২

স্মারক নং বৃত্ত/২০১৩/এপ্রিল/১(১৪), তারিখ : ১ বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ, ১৪ এপ্রিল ২০১৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- (১) সভাপতি, বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড, মিরপুর, ঢাকা।
- (২) সম্পাদক/ব্যবস্থাপনা-কমিটির-সদস্য ----- (সকল), ব্যবস্থাপনা কমিটি, বৃত্ত লিঃ, মিরপুর, ঢাকা।
- (৩) জনাব ----- (সংশ্লিষ্ট সদস্য), বৃত্ত লিঃ, মিরপুর, ঢাকা।
- (৪) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, কাওরানবাজার শাখা, ঢাকা ১২১৫।
- (৫) দপ্তর কপি।

তোফায়েল আহমেদ
সাধারণ সম্পাদক
বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড